চট্টগ্রাম বোর্ড ২০১৫

হিসাববিজ্ঞান : দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২ ৫ ৪

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১. মধুমতি কোম্পানি লি.-এর হিসাব বই হতে ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিম্নোক্ত উদ্বৃত্তগুলো নেয়া হয়েছে :

রেওয়ামিল

৩১শে ডিসেম্বর, ২০১৪ইং

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
সুনাম	২,০০,০০০	শেয়ার মূলধন (৫,০০০ শেয়ার	
দালান-কোঠা	২,২০,০০০	প্রতিটি ১০০ টাকা করে)	৫,০০,০০০
যন্ত্রপাতি	৩,০০,০০০	সঞ্চিতি তহবিল	১,০০,০০০
ইজারা সম্পত্তি (১০ বছর)	১,০০,০০০	১০% ঋণপত্র	১,০০,০০০
মজুদ পণ্য (১-১-১৪)	৪০,০০০	বিক্রয়	৬,৯০,০০০
বেতন	৫০,০০০	প্রদেয় হিসাব	৪০,০০০
প্রাপ্য হিসাব	৫০,০০০	রক্ষিত আয় বিবরণীর	
পণ্য ক্রয়	৪,৬০,০০০	উদ্বৃত্ত (১-১-২০১৪)	৭৫,০০০
আয়কর	৩৫,০০০	আয়কর সঞ্চিতি	৫,০০০
লভ্যাংশ	১৫,০০০		
হাতে নগদ	৪০,০০০		
	১৫,১০,০০০		১৫,১০,০০০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্যের বাজার মূল্য ১,৫০,০০০ টাকা এবং ক্রয়মূল্য ১,৫২,০০০ টাকা ২. প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়; প্রাপ্য হিসাবের উপর ১০% ধরে অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করতে হবে। ৩. নীট লাভের ১৫,০০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে। ৪. শেয়ার মূলধনের ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি নির্ণয় করো। ২

খ. ২০১৪ সালের মধুমতি কোম্পানি লি. এর নিট লাভ ২,৬৩,২০০ টাকা। উক্ত বছরের মালিকানাস্বত্ব বিবরণী তৈরি করো। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণীর ছকে মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

২. পদ্মা লিমিটেড-এর অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা। প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। উক্ত কোম্পানির রেওয়ামিল নিচে দেওয়া হলো :

রেওয়ামিল

ডেবিট — ৩১শে ডিসেম্বর, ২০১৩ইং — ক্রেডিট

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
যন্ত্রপাতি	১,৫০,০০০	বিক্রয়	৩,০০,০০০
আসবাবপত্র	১,০০,০০০	সাধারণ সঞ্চিতি	৯,৫০০
ক্রয়	১,৫০,০০০	পাওনাদার	৫,০০০
ড্রইং অফিসের বেতন	১০,০০০	ইস্যুকৃত ও বিলিকৃত	৫,০০,০০০
ক্রয় পরিবহন	৫,০০০	মূলধন (৫০,০০০	
বেতন (১০ মাস)	৩,০০০	শেয়ার প্রতি শেয়ার ১০	
অনাদায়ী পাওনা	৭৫০	টাকা হিসাবে সম্পূর্ণ	
মজুদ পণ্য (১-১-১৩)	৬৭,০০০	তলব)	
বিজ্ঞাপন	১৫,০০০		
দেনাদার	২,১২,০০০		
নগদ উদ্বৃত্ত	৯২,৪৫০		
মনিহারি	৫,১০০		
মজুরি	৪,২০০		
	৮,১৪,৫০০		৮,১৪,৫০০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্যের মূল্য ৩০,০০০ টাকা। ২. সমাপনী মজুদের মধ্যে ৫০০ টাকা এবং প্রারম্ভিক মজুদের মধ্যে ২৫০ টাকার মনিহারি অন্তর্ভুক্ত আছে। ৩. বিবিধ দেনাদারের ১,৫০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট দেনাদারের ৫% হারে নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করো। ৪. আসবাবপত্রের ১০% এবং যন্ত্রপাতির ৫% অবচয় ধার্য করতে হবে।

ক. ব্যবহৃত মনিহারির পরিমাণ নির্ণয় করো। ২

খ. বিশদ আয় বিবরণীর মাধ্যমে মোট মুনাফা নির্ণয় করো। ৪

গ. ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে পদ্মা লি. এর মোট স্থায়ী সম্পদ ও মোট চলতি দায় নির্ণয় করো। ৪

খ বিভাগ

৩. ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য গুড ফ্রেন্ডস ক্লাবের প্রাপ্তি ও প্রধান হিসাব নিম্নে দেওয়া হলো—

গুড ফ্রেন্ডস ক্লাব

প্রাপ্তি ও প্রদান হিসাব

ডেবিট — ক্রেডিট

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
উদ্বৃত্ত (১-১-২০১৩)	২,৫০০	বেতন	২,৪০০
প্রবেশ ফি	১,৮০০	ভাড়া	২,০০০
চাঁদা	১০,৫০০	মজুরি	২,৮০০
আপ্যায়ন থেকে মুনাফা	৫০০	আসবাবপত্র ক্রয় (১-৭-১৩)	১,০০০
বিনিয়োগের সুদ	২০০	মেরামত	৩০০
		বিবিধ খরচ	৩৭০
		উদ্বৃত্ত (৩১-১২-১৩)	৬,৬৩০
	১৫,৫০০		১৫,৫০০

২০১৩ সালের ১ জানুয়ারি ক্লাবের সম্পদ ছিল: খেলার মাঠ ৩০,০০০ টাকা; বিনিয়োগ ১০,০০০ টাকা; বিনিয়োগ ১০,০০০ টাকা, খেলার সরঞ্জাম ৪,৫০০ টাকা এবং আসবাবপত্র ২,৫০০ টাকা।

অন্যান্য তথ্যাবলি: ১. মেরামত খরচের ৩৫ টাকা বিগত বছরের; চলতি বছরের বকেয়া ৫০ টাকা আছে। ২. প্রদত্ত মজুরির ১২৫ টাকা বিগত বছরের; চলতি বছরের বকেয়া আছে ১৫০ টাকা। ৩. প্রাপ্ত চাঁদার মধ্যে ৫০০ টাকা বিগত বছরের; ৮৫০ টাকা পরবর্তী বছরের। চলতি বছরের চাঁদা ১,২৫০ টাকা অনাদায়ী রয়েছে। ৪. আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য করো। ৫. প্রবেশ ফি মুনাফাস্বরূপ গণ্য করতে হবে।

ক. চলতি সালের মোট চাঁদার পরিমাণ নির্ণয় করো। ২

খ. প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো। ৪

গ. ব্যয়াতিরিক্ত আয় ৪,৬৯০ টাকা হলে ক্লাবের আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

৪. A, B ও C একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান ২ : ২ : ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০১৩ সালের ১ জানুয়ারি তাদের মূলধন ছিল- যথাক্রমে ২,৫০,০০০ টাকা, ২,০০,০০০ টাকা এবং ১,৫০,০০০ টাকা। মূলধন ও উত্তোলনের উপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। C সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য ব্যবসা থেকে বছরে ২৪,০০০ টাকা বেতন পাবেন। B ব্যবসায়ে ১-৭-২০১৩ তারিখে ৫০,০০০ টাকা ঋণ আনয়ন করেন। অংশীদারগণ প্রত্যেকে কারবার থেকে প্রতি মাসের শুরুতে ২,০০০ টাকা করে নগদ উত্তোলন করেন। উপরোক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসয়ের লাভ ১,৬০,৫৫০ টাকায় উপনীত হয়।

ক. B এর ঋণের সুদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি করো। ৪

গ. A এবং C এর মূলধন হিসাব তৈরি করো। ৪

৫. পদ্মা লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ারে বিভক্ত ৩,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি ২০,০০০ টি শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করল। কোম্পানি ২৫,০০০ শেয়ারের আবেদন পেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি আবণ্টিত হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হলো।

ক. শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জাবেদা দাখিলা দাও। ৪

গ. পদ্মা লিমিটেডে-এর আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

৬. ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের অর্পণ লিমিটেডের আর্থিক বিবরণী নিম্নরূপ—

অর্পণ লিমিটেড

আর্থিক অবস্থার বিবরণী

৩১শে ডিসেম্বর, ২০১৩

দায়সমূহ	টাকা	সম্পদসমূহ	টাকা
শেয়ার মূলধন	১৬,০০,০০০	আসবাবপত্র	১০,০০,০০০
সাধারণ সঞ্চিতি	৩,৫০,০০০	যন্ত্রপাতি	১২,৫০,০০০
রক্ষিত আয় বিবরণী উদ্বৃত্ত	৩,০০,০০০	সমাপনী মজুদ পণ্য	১,৫০,০০০
ঋণপত্র	৪,৫০,০০০	দেনাদার	২,০০,০০০

দায়সমূহ	টাকা	সম্পদসমূহ	টাকা
পাওনাদার	২,৩০,০০০	নগদ তহবিল	৩,০০,০০০
ব্যাংক জমাতিরিক্ত	৪৫,০০০	প্রাপ্য বিল	১,০০,০০০
বকেয়া খরচ	২৫,০০০		
	৩০,০০,০০০		৩০,০০,০০০

ক. চলতি মূলধন নির্ণয় করো। ২

খ. চলতি অনুপাত ও অগ্নিপরীক্ষা অনুপাত নির্ণয় করো। ৪

গ. দায় মালিকানা অনুপাত নির্ণয় করো ও মন্তব্য দাও। ৪

৭. X Y ও Z তিনজন শ্রমিক। নিম্নে তাদের কাজের তথ্যাবলি দেওয়া হলো:

সাপ্তাহিক কর্ম সময় ৪৮ ঘণ্টা

ঘণ্টাপ্রতি প্রমাণ উৎপাদন ১২ একক

ঘণ্টাপ্রতি নিয়মিত মজুরি ৬ টাকা

মজুরীকৃত মজুরির হার:

প্রমাণ উৎপাদনের নিচে কার্যহারের ৮০%

প্রমাণ উৎপাদনের সমান কার্যহারের ১০০%

প্রমাণ উৎপাদনের ঊর্ধ্বে কার্যহারের ১২০%

X, Y ও Z এর প্রকৃত উৎপাদন: X = ৫৮০ একক, Y = ৫৭৬ একক, Z = ৫৭০ একক।

ক. এককপ্রতি স্বাভাবিক মজুরি নির্ণয় করো। ২

খ. এককপ্রতি মজুরীকৃত মজুরির হার নির্ণয় করো। ৪

গ. মজুরি বিবরণী তৈরি করে শ্রমিকদের মোট মজুরি দেখাও। ৪

৮. ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সোনালী লিমিটেড-এর হিসাব বই থেকে নিম্নোক্ত তথ্যাবলি দেয়া হলো:

বিবরণ	টাকা
প্রত্যক্ষ কাঁচামাল	৬৫,০০০
পরোক্ষ কাঁচামাল	৭,০০০
কাঁচামাল মজুদ (১-১-২০১৩)	৮,৪০০
কাঁচামাল মজুদ (৩১-১২-২০১৩)	১০,৬০০
তৈরি মাল (১-১-২০১৩)	১২,০০০
তৈরি মাল (৩১-১২-২০১৩)	১০,০০০
প্রত্যক্ষ মজুরি	৪০,০০০
কারখানার উপরিখরচ	৬,০০০
প্রশাসনিক উপরিখরচ	১০,০০০
বিক্রয় উপরিখরচ	৮,০০০
বিক্রয়	১,৫০,০০০

ক. ব্যবহৃত কাঁচামাল নির্ণয় করো। ২

খ. উৎপাদন ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. প্রত্যক্ষ মজুরির উপর কারখানার উপরিব্যয়ের শতকরা হার এবং কারখানার উৎপাদন ব্যয়ের উপর প্রশাসনিক উপরিখরচের শতকরা হার নির্ণয় করো।

৯. রাজীব লিমিটেডের ২০১৩ সালের জুন মাসের নিম্নোক্ত লেনদেন সংঘটিত হয় —

জুন ১ প্রারম্ভিক মজুদ ২০০ একক, প্রতি একক ১০.০০ টাকা মূল্যে।

" ৭ ক্রয় ৪০০ একক, প্রতি একক ১১.০০ টাকা করে।

" ১০ ক্রয় ৫০০ একক, প্রতি একক ১১.৫০ টাকা।

" ১৫ বিক্রয় ১০০০ একক, প্রতি একক ১২.০০ টাকা।

" ২৫ ক্রয় ৫০০ একক, প্রতি একক ১১.৭০ টাকা।

" ৩০ বিক্রয় ৩০০ একক, প্রতি একক ১২.৫০ টাকা।

ক. মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪

গ. LIFO পদ্ধতিতে জুন ১৫ ও ৩০ তারিখের বিক্রিত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

উত্তরমালা

১. উত্তর : ক. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি ৪,৮০০ টাকা। খ. মালিকানাস্বত্ব বিবরণীর যোগফল ৮,৪৩,২০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল (মোট সম্পদ) ১০,৪৩,২০০ টাকা।

২. উত্তর : ক. ব্যবহৃত মনিহারি ৪,৮৫০ টাকা। খ. মোট মুনাফা ৮৬,০৫০ টাকা। গ. মোট স্থায়ী সম্পদ ২,৩২,৫০০ টাকা ও চলতি দায় ৫,৬০০ টাকা।

৩. উত্তর : ক. চলতি বছরের মোট চাঁদার পরিমাণ ১০,৪০০ টাকা। খ. প্রারম্ভিক মূলধন তহবিল ৪৯,৮৪০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৫৫,৫৮০ টাকা।

৪. উত্তর : ক. B এর ঋণের সুদ ১,৫০০ টাকা। খ. বণ্টনযোগ্য মুনাফা : A ৪২,৮০০ টাকা; B ৪২,৮০০ টাকা; C ২১,৪০০ টাকা। গ. সমাপনী মূলধনের উদ্বৃত্ত : A ২,৮০,৬৫০ টাকা; C ১,৭৮,২৫০ টাকা।

৫. উত্তর : ক. শেয়ার অধিহার ২০,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,২০,০০০ টাকা।

৬. উত্তর : ক. চলতি মূলধন ৪,৫০,০০০ টাকা। খ. চলতি অনুপাত ২.৫০ : ১; অগ্নিপরীক্ষা অনুপাত ২.৩৫ : ১। গ. দায়-মালিকানা অনুপাত ০.৩৩ : ১।

৭. উত্তর : ক. মজুরি হার ০.৫০ টাকা। খ. প্রমাণ উৎপাদনের নিম্ন ০.৪০ টাকা (একক প্রতি); প্রমাণ উৎপাদনের সমান ০.৫০ টাকা (একক প্রতি); প্রমাণ উৎপাদনের ঊর্ধ্বে ০.৬০ টাকা (একক প্রতি)। গ. মোট মজুরি : x = ৩৪৮ টাকা, y = ২৮৮ টাকা, z = ২২৮ টাকা।

৮. উত্তর : ক. ব্যবহৃত কাঁচামাল ৬২,৮০০ টাকা। খ. উৎপাদন ব্যয় ১,১৫,৮০০ টাকা। গ. প্রত্যক্ষ মজুরির ওপর কারখানা উপরিব্যয়ের হার ৩২.৫০%; কারখানার উৎপাদন ব্যয়ের ওপর প্রশাসনিক উপরিব্যয়ের হার ৮.৬৪%।

৯. উত্তর : ক. বিক্রয় ১,৩০০ একক মূল্য ১৫,৭৫০ টাকা। খ. সমাপনী মজুদ পণ্য ৩,৫১০ টাকা (৩০০ একক) গ. ১১,১৫০ টাকা ও ৩,৫১০ টাকা।

চট্টগ্রাম বোর্ড-২০১৫

হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বিষয় কোড : | ২ | ৫ | ৪ |

১. মিঃ জাহিদ সাধনা কাইন্যান্সিং লিমিটেড-এর ক্যাশ ম্যানেজার। তার কোম্পানিতে সংঘটিত লেনদেনগুলো হলো:
স্থায়ী সম্পত্তি বিক্রয় ৫,০০,০০০ টাকা, প্রাপ্য হিসাব থেকে প্রাপ্তি ২,২০,০০০ টাকা, শেয়ার ইস্যু ৩,০০,০০০ টাকা এবং নগদে পণ্য ক্রয় ১,০০,০০০ টাকা। উক্ত কোম্পানির নগদ প্রবাহ কত টাকা হবে?
ক ৫,২০,০০০　খ ৬,২০,০০০
গ ৮,২০,০০০　ঘ ৯,২০,০০০

উদ্দীপকটি পড়ো এবং ২-৩নং প্রশ্নের উত্তর দাও।
হরিণ ব্র্যান্ড সিমেন্ট লিমিটেড হিসাব বছরের শুরুতে ৫,০০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে। মেশিনটির সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা মজুরীর মধ্যে অন্তর্ভুক্ত আছে। মোট মজুরির পরিমাণ ৪০,০০০ টাকা। মেশিনটির উপর ১০% অবচয় ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২. হিসাব বছর শেষে মেশিনটির অবচয় কত টাকা হবে?
ক ৫০,০০০　খ ৫১,০০০
গ ৫৪,০০০　ঘ ৫৫,০০০

৩. মেশিনটির আয়ুষ্কাল ১০ বছর ধরে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করলে—
ক পরোক্ষ খরচ বৃদ্ধি পেতো এবং নিট লাভ কম হতো
খ প্রত্যক্ষ খরচ বৃদ্ধি পেতো এবং নিট লাভ কম হতো
গ মোট খরচ এবং নিট লাভ অপরিবর্তিত থাকতো
ঘ মূলধনী ব্যয় এবং গুপ্ত সঞ্চিতি বৃদ্ধি পেতো

৪. দেশের আইনসভা বা প্রেসিডেন্টের বিশেষ আদেশ বলে গঠিত ও পরিচালিত কোম্পানিকে বিধিবদ্ধ কোম্পানি বলে। যেমন—
i. বি আর টি এ　ii. বি সি আই সি
iii. ডব্লিউ এ এস এ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৫. বেতন ও মজুরি উৎপাদন ব্যয় বিবরণীতে দেখানো হয়—
i. উৎপাদন খরচ হিসাবে　ii. প্রশাসনিক খরচ হিসাবে
iii. বিক্রয় ও বণ্টন খরচ হিসাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৬. অপলেখিত ব্যয় হলো—
i. বিলম্বিত বিজ্ঞাপন　ii. শেয়ার বাট্টা
iii. অবলেখকের কমিশন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৭. আয়কর যদি বাধ্যতামূলক দিতে হয় তাহলে এটি হবে কোম্পানির —
ক প্রত্যক্ষ খরচ　খ পরোক্ষ খরচ
গ অপরিচালন খরচ　ঘ বিলম্বিত খরচ

৮. নিচের কোনটি কারখানা উপরিব্যয়ের অন্তর্ভুক্ত হয়?
ক আসবাবপত্রের অবচয়
খ কলকব্জার অবচয়
গ ইজারা সম্পত্তির অবলোপন
ঘ সুনামের অবলোপন

উদ্দীপকটি পড়ো এবং ৯-১০নং প্রশ্নের উত্তর দাও।
ঢাকা ম্যাচ ম্যানুফ্যাকচারিং লিমিটেড-এর ২০১৪ সালের মোট বিক্রয় ৩,০০,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয়ের উপর মুনাফার হার ২৫%। প্রারম্ভিক মজুদ পণ্য ও সমাপনী মজুদ পণ্য ছিল যথাক্রমে ৪০,০০০ টাকা ও ৩০,০০০ টাকা।

৯. ঢাকা ম্যাচ ম্যানুফ্যাকচারিং লিমিটেড-এর মজুদ আবর্তন অনুপাত কত?
ক ৬ বার　খ ৬.৬৮ বার
গ ৬.৮৬ বার　ঘ ৮ বার

১০. যদি বিক্রয়ের উপর মুনাফার হার ৫% বৃদ্ধি পায় এবং সমাপনী মজুদ পণ্য ১০,০০০ টাকা হ্রাস পায় তাহলে—
i. বিক্রীত পণ্যের ব্যয় ১৫,০০০ টাকা হ্রাস পাবে
ii. মজুদ পণ্যের আবর্তন অনুপাত ০.৬৪ অংশ হ্রাস পাবে
iii. মজুদ আবর্তন অনুপাত ০.৬৪ অংশ বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

১১. কোম্পানির দীর্ঘমেয়াদী দায় ও মালিকানার মধ্যে সম্পর্ক বুঝা যায়—
ক কার্যকরি মূলধন অনুপাত দ্বারা
খ সম্পদ মালিকানা অনুপাত দ্বারা
গ দায়-মালিকানা অনুপাত দ্বারা
ঘ দীর্ঘমেয়াদী দায়-মালিকানা অনুপাত দ্বারা

১২. কারখানার উপরিব্যয় বলতে বুঝায়—
i. পণ্য নকশার ব্যয়　ii. কারখানার গ্যাস ও পানি
iii. কারখানার মেরামত ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

১৩. ১০% হারে ৫ বছরের জন্য সঞ্চয়পত্র ক্রয় নিচের কোন ধরনের সম্পত্তি?
ক চলতি সম্পত্তি　খ স্থায়ী সম্পত্তি
গ দীর্ঘমেয়াদী বিনিয়োগ　ঘ কাল্পনিক সম্পত্তি

১৪. গাড়ির ফুয়েলিং স্টেশনে নিচের কোন পদ্ধতিটি সবচেয়ে বেশি গ্রহণযোগ্য?
ক LIFO　খ FIFO
গ সাধারণ গড়　ঘ ভারযুক্ত গড়

উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও।
পলাশ ম্যানুফ্যাকচারিং লিমিটেড-এর মার্চ, ২০১৪ মাসের ব্যবহৃত কাঁচামাল ৯০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরী ৮০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরীর উপর ৬০% কারখানার উপরিখরচ, প্রত্যক্ষ মজুরীর ৪০% বণ্টন উপরিব্যয় এবং কারখানার ব্যয়ের ১০% প্রশাসনিক উপরিব্যয়।

১৫. প্রতিষ্ঠানের মোট ব্যয় কত টাকা হবে?
ক ২,০২,০০০　খ ২,১৮,০০০
গ ২,৫০,০০০　ঘ ২,৭১,০০০
*সঠিক উত্তর : ২,৭১,৮০০ টাকা।

১৬. যদি বিক্রয়ের উপর ২০% লাভ করতে হয় তাহলে—
i. মোট ব্যয়ের উপর ২০% লাভ করতে হবে
ii. মোট ব্যয়ের উপর ৩৩.৩৩% লাভ করতে হবে
iii. মোট বিক্রয়মূল্য হবে ৩,৬২,৩৯০ টাকা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

১৭. পরিবর্তনশীল ব্যয়, স্থায়ী ব্যয় ও মিশ্র ব্যয়-এই তিন শ্রেণিতে ব্যয়কে ভাগ করা হয় নিচের কোন ভিত্তিতে?
ক উপাদান　খ আচরণ
গ কার্য　ঘ কাল

১৮. কোনো কোম্পানির পণ্যের দাম অবিরত বৃদ্ধি পেতে থাকলে সমাপনী মজুত মালের মূল্য বেশি হবে নিচের কোন পদ্ধতিতে?
ক FIFO　খ ভারযুক্ত গড়
গ গড় মূল্য　ঘ চলিষ্ণু গড় মূল্য

১৯. অনিয়ন্ত্রণযোগ্য ব্যয় কোনটি?
ক মজুরি　খ কাঁচামালের অপচয়
গ অস্বাভাবিক খরচ　ঘ সম্পদের অবচয়

২০. প্রারম্ভিক কাঁচামাল মজুদ ৭২,০০০ টাকা, কাঁচামাল ক্রয় ২,২০,০০০ টাকা, সমাপনী কাঁচামাল ৩০,০০০ টাকা, কাঁচামাল ফেরত ২,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ১,৮০,০০০ টাকা। কারবারের মুখ্য ব্যয় কত টাকা?
ক ৪,৪০,০০০　খ ৪,৬০,০০০
গ ৪,৭০,০০০　ঘ ৪,৯০,০০০

২১. নিচের কোন ব্যয়টি স্থির ব্যয়?
ক কাঁচামালের ব্যয়　খ শ্রমিকের মজুরি
গ ড্রইং অফিসের বেতন　ঘ বিক্রয় কমিশন

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও।
দীপা লিমিটেড এর রেওয়ামিলে সুনাম ১,০০,০০০ টাকা এবং শেয়ার অধিহার ৮০,০০০ টাকা আছে। সমন্বয়ে বলা হয়েছে, শেয়ার অধিহার সুনামের সঙ্গে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে।

২২. আর্থিক বিবরণীতে এর কি প্রভাব পড়বে?
ক স্থায়ী সম্পদ ৮০,০০০ টাকা কমবে
খ চলতি সম্পদ ৮০,০০০ টাকা কমবে
গ সঞ্চিতি ৮০,০০০ টাকা কমবে
ঘ নিট মুনাফা ৮০,০০০ টাকা কমবে

২৩. সুনামের টাকা শেয়ার অধিহার দ্বারা অবলোপন করার পর অবশিষ্ট সুনামের অর্ধেক চলতি বছরের মুনাফা দ্বারা অবলোপন করলে—
i. পরোক্ষ ব্যয় ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে
ii. নিট মুনাফা ১০,০০০ টাকা হ্রাস পাবে
iii. সম্পদ ও দায় উভয়ই কমবে ১০,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

২৪. বিভেয় করধার্যের পরিমাণ নির্ভর করে—
i. পরিবর্তনশীল পরিচালন ব্যয়ের উপর
ii. স্থায়ী পরিচালন ব্যয়ের উপর
iii. অপরিচালন ব্যয়ের উপর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

২৫. উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রথম বাজেট কোনটি?
ক ক্রয় বাজেট　খ বিক্রয় বাজেট
গ উৎপাদন বাজেট　ঘ নগদান বাজেট

২৬. প্রারম্ভিক মজুদ পণ্যের মূল্য অপেক্ষা সমাপনী মজুদ পণ্যের মূল্য বেশি হলে—
ক মুনাফা বৃদ্ধি পায়　খ মুনাফা হ্রাস পায়
গ বিক্রয় ব্যয় বৃদ্ধি পায়　ঘ প্রশাসনিক ব্যয় বৃদ্ধি পায়

২৭. এরিয়া লিমিটেডের সমাপনী মজুদ পণ্য ৫০,০০০ টাকা মূল্যায়নের পর ১০,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়ে যায়। দফাটিকে সমন্বয় করতে হবে—
i. সমাপনী মজুদ থেকে ১০,০০০ টাকা বাদ দিয়ে
ii. আগুনে বিনষ্ট পণ্য হিসাবে ১০,০০০ টাকা দেখিয়ে
iii. আগুনে বিনষ্টজনিত ক্ষতি হিসাবে ১০,০০০ টাকা দেখিয়ে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও।
মাহীশা ফার্মা লিমিটেড-এর একটি নতুন ঔষধ উৎপাদনের জন্য মুখ্য ব্যয় ৬,৩০,০০০ টাকা, মোট কারখানার উপরিব্যয় ১,৭০,০০০ টাকা, বিক্রয় ও বিতরণ উপরিব্যয় ১,০০,০০০ টাকা এবং প্রশাসনিক উপরব্যয় ৯০,০০০ টাকা। বিক্রয়মূল্যের উপর লাভের হার ২৫%।

২৮. মাহীশা ফার্মার নতুন এ ঔষধটির বিক্রয়মূল্য কত টাকা হবে?
ক ১২,৩৭,৫০০　খ ১৩,০০,০০০
গ ১৩,২০,০০০　ঘ ১৩,৯১,৯৬৭

২৯. যদি পণ্যটির উৎপাদন ব্যয় ১০% বৃদ্ধি পায় তাহলে—
i. মুখ্য ব্যয় ৬৩,০০০ টাকা বৃদ্ধি পাবে
ii. কারখানা উপরিব্যয় ১৭,০০০ টাকা বৃদ্ধি পাবে
iii. মোট উৎপাদন ব্যয় ৯৯,০০০ টাকা বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৩০. সমচ্ছেদ বিন্দুতে প্রতিষ্ঠানের—
i. মুনাফা হয় না　ii. ক্ষতি হয় না
iii. লভ্যাংশ হয় না
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৩১. চলতি অনুপাতের আদর্শ মান কত?
ক ১ : ১　খ ১ : ২　গ ২ : ১　ঘ ৩ : ১

৩২. প্রাপ্তি-প্রদান হিসাব কোনটির অনুরূপ?
ক নগদান হিসাব　খ ব্যাংক হিসাব
গ নগদ জাবেদা　ঘ বিক্রয় জাবেদা

৩৩. পাবলিক লিমিটেড কোম্পানির শেয়ার ও ঋণপত্র বিক্রয় করে অবলেখক কি পান?
ক কমিশন　খ বাট্টা　গ মুনাফা　ঘ সুদ

৩৪. একটি অব্যবসায়ী প্রতিষ্ঠানের চাঁদা প্রাপ্তি ৬৫,০০০ টাকা, চলতি বছরের অনাদায়ী চাঁদা ৫,০০০ টাকা এবং পরবর্তী বছরের চাঁদা বাবদ অগ্রিম প্রাপ্তি ৩,০০০ টাকা হলে চাঁদা বাবদ আয় কত?
ক ৫৭,০০০ টাকা　খ ৬৩,০০০ টাকা
গ ৬৭,০০০ টাকা　ঘ ৭৩,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬নং প্রশ্নের উত্তর দাও।
দীপ্তি, দীপা ও আশা তিন বোন আশা লিমিটেড নামে একটি কোম্পানি গঠন করতে চায়। এ উদ্দেশ্যে নিম্নরূপ খরচসমূহ সংঘটিত হয়:
গবেষণা ও পরিকল্পনা প্রণয়ন খরচ ১০,০০০ টাকা, কোম্পানি গঠন সংক্রান্ত গুরুত্বপূর্ণ সভায় খরচ হয় ১৫,০০০ টাকা, স্মারকলিপি তৈরিতে খরচ হয় ৫০,০০০ টাকা, পরিমেল নিয়মাবলির খরচ ৩০,০০০ টাকা, নিবন্ধন ও অন্যান্য ব্যয় ২০,০০০ টাকা, প্রচারপত্র বিলি খরচ ৭০,০০০ টাকা এবং অবলেখকের কমিশন ৩৫,০০০ টাকা। অতঃপর কোম্পানিটি গঠিত হয়।

৩৫. কোম্পানি গঠনের প্রাথমিক খরচাবলি কত?
ক ১০,০০০ টাকা　খ ৭৫,০০০ টাকা
গ ১,০৫,০০০ টাকা　ঘ ১,২৫,০০০ টাকা

৩৬. কোম্পানির সিদ্ধান্ত অনুযায়ী প্রতি বছর প্রাথমিক খরচাবলির ৫% অবলোপনের সিদ্ধান্ত নিলে কি ঘটবে?
i. নিট মুনাফা ৬,২৫০ টাকা হ্রাস পাবে
ii. মোট খরচ ৬,২৫০ টাকা বৃদ্ধি পাবে
iii. মোট মুনাফা ৫,২৫০ টাকা বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৩৭. কোন সালের আইন অনুযায়ী অংশীদারি কারবার গঠিত হয়?
ক ১৯১৩　খ ১৯৩২　গ ১৯৯১　ঘ ১৯৯৪

৩৮. অনগদী তাৎপর্যপূর্ণ দফা হলো —
i. বিনিয়োগের সুদ আদায়　ii. সম্পদ ক্রয়ে ঋণপত্র ইস্যুকরণ
iii. বন্ডকে সাধারণ শেয়ারে রূপান্তর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৩৯. কোনটি বিশেষ তহবিলের অন্তর্ভুক্ত নয়?
ক ক্রীড়া তহবিল　খ ত্রাণ তহবিল
গ বৃত্তি তহবিল　ঘ মূলধন তহবিল

৪০. শেয়ারের মাধ্যমে সম্পত্তি ক্রয় নিচের কোন ধরনের কার্যাবলির মধ্যে পড়ে?
ক পরিচালন কার্যাবলি　খ বিনিয়োগ কার্যাবলি
গ অর্থায়ন কার্যাবলি　ঘ অ-নগদী কার্যাবলি

১	ঘ	২	খ	৩	গ	৪	ঘ	৫	গ	৬	ঘ	৭	খ	৮	খ	৯	গ	১০	ঘ	১১	ঘ	১২	গ	১৩	ঘ	১৪	ঘ	১৫	*	১৬	গ	১৭	খ	১৮	ক	১৯	গ	২০	ক
২১	গ	২২	ক	২৩	ক	২৪	খ	২৫	খ	২৬	ক	২৭	খ	২৮	গ	২৯	ক	৩০	ক	৩১	গ	৩২	ক	৩৩	ক	৩৪	গ	৩৫	ঘ	৩৬	ক	৩৭	ঘ	৩৮	গ	৩৯	ঘ	৪০	খ